

## ইউজিসি চেয়ারম্যান হলেন ইউসুফ আলী

নিজস্ব প্রতিবেদক

৯ মে ২০১৯ ০০:০০ | আপডেট: ৯ মে ২০১৯ ০০:১৭



বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) চেয়ারম্যানের দায়িত্ব নিয়েছেন কমিশনের জ্যেষ্ঠ সদস্য অধ্যাপক মোহাম্মদ ইউসুফ আলী মোল্লা। আগের চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নানের মেয়াদ শেষ হয় গত ৭ মে। তিনি ২০১৫ সালের ৬ মে থেকে চার বছরের জন্য কমিশনের চেয়ারম্যান হিসেবে নিয়োগ পেয়েছিলেন। অধ্যাপক ইউসুফ আলী ২০১৫ সালের ২৮ মে থেকে ইউজিসির পূর্ণকালীন সদস্য হিসেবে নিয়োজিত আছেন।